**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**30 JUNE 2024** **7:45—7:55 PM IST**

==========================================================================

১) ৬৫ কোটি নাগরিকের ভোটদানে চলতি বছরের সাধারণ নির্বাচন বিশ্বের সর্ববৃহৎ নির্বাচন হিসবে পরিগণিত হয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানে মত প্রকাশ ।

২) আগামীকাল থেকে বলবৎ হোয়া নতুন ফৌজদারী আইন তিনটি সফলভাবে প্রবর্তনের জন্য রাজ্য সরকারের গৃহ ও রাজনৈতিক বিভাগের মুখ্য সচিবের নেতৃত্বে একটি রাজ্য পর্যায়ের কর্ণধার সমিতি গঠন।

৩) সরকারী চিকিৎসককে কর্তব্যের সময়কালে ব্যাক্তিগত চিকিৎসালয়ে চিকিৎসা না করতে রাজ্যের স্বাস্থ্য বিভাগের নির্দেশ ।

৪) করিমগঞ্জ জেলার ৪১ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে আগামীকাল বিভিন্ন কার্যসূচী গ্রহণ ।

---

লোকসভা নির্বাচনে দেশের সংবিধান ও গনতান্ত্রিক ব্যবস্থার প্রতি পুনরায় আস্থা প্রকাশ করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনসাধারনকে ধন্যবাদ জানিয়েছেন । আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে আজ রাষ্ট্রের উদ্দেশ্যে শ্রী মোদী বলেন যে চলতি বছরের সাধারণ নির্বাচন বিশ্বের সর্ববৃহৎ নির্বাচন হিসেবে পরিগণত হয়েছে ও এবারের লোকসভা নির্বাচনে ৬৫ কোটি লোক গনতান্ত্রিক অধিকার সাব্যস্ত করেছেন ।বিশ্বের অন্য কোনো দেশে কখোনো এত সংখ্যক লোক গনতান্ত্রিক অধিকার সাব্যস্ত করেনি বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেছেন । শ্রী মোদী

নির্বাচন কমিশন ও নির্বাচনী প্রক্রিয়ার সংগে জড়িত সকলকে অভিনন্দন জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী বলেছেন যে ৩০ শে জুন একটি গুরুত্বপূর্ন দিন , এই দিনটিতে হুল দিবস পালন করা হয় ।তিনি বলেন যে এই দিনটি বৃটিশ শাসকদের আতিশয্যের বিরোধিতা করা সিদ্ধো ও কানহুর অদম্য সাহসের সংগে জড়িত ।বীর সিদ্ধো ও কানহু ১৮৫৫ সালে এই সংগ্রামে অদম্য সাহস প্রদর্শন করে শহিদ হয়েছিলেন বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । এবার বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আরম্ভ করা এক পেড় মাকে নাম নামের বিশেষ অভিযানের কথা উল্লেখ করে শ্রী মোদী সমগ্র বিশ্বের জনসাধারণকে মাতৃর সংগে একটি গাছের চারা রোপণ করতে অথবা একটি চারা মায়ের নামে উৎসর্গ করতে আহ্বান জানিয়েছেন । শ্রী মোদী বলেন যে ভারতে গত দশকে বনভূমির অভূতপূর্ব সম্প্রসারণ পরিলক্ষিত হচ্ছে । তিনি বলেন যে অমৃত মহোৎসবের সময় সমগ্র দেশে ৬০ হাজারের বেশী অমৃত সরোবর বিকশিত করে তোলা হয়েছে ।

বর্ষা ঋতু সম্পর্কে মত প্রকাশ করে শ্রী মোদী কেরেলায় নির্মাণ করা কারথুম্বি নামের এক বিশেষ ছাতার কথা উল্লেখ করেন ।প্রধানমন্ত্রী এই রং বেরংগের ছাতা তৈরী করার জন্য কেরালার জনজাতীয় মহিলাদের প্রশংসা করেন ও বিশ্বের বিভিন্ন প্রান্তে এই ছাতার বর্ধিত চাহিদাকে নিয়ে সন্তোষ প্রকাশ করেন । তিনি বলেন যে মহিলাদের নেতৃত্বে জনজাতীয় সম্প্রদায় উদ্যমশীলতার অপূর্ব নিদর্শন দেখাচ্ছেন ।তিনি বলেন যে ভোকেল ফর লোকেল অর্থাৎ স্থানীয় সামগ্রীতে গুরুত্ব প্রদান করে থাকা এর থেকে ভালো উদাহরণ আর হতে পারেনা বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।কুয়েট সরকার জাতীয় রেডিওতে হিন্দী ভাষায় বিশেষ অনুষ্ঠান আরম্ভ করেছে বলে প্রধানমন্ত্রী জানান । তিনি বলেন যে প্রতি রবিবার কুয়েট রেডিও আধঘন্টার জন্য এই অনুষ্ঠান প্রচার করে ।শ্রী মোদী এই ব্যবস্থা গ্রহণের জন্য কুয়েট সরকার ও জনসাধারণেকে ধন্যবাদ জ্ঞাপন করেন ।

যোগ সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন যে সমগ্র বিশ্ব দশম আর্ন্তজাতিক যোগ দিবস অতি উৎসাহের সংগে পালন করেছে । তিনি বলেন যে যোগ দিবসের আয়োজন করার সংগে সংগে প্রতিবছর নতুন নতুন রেকর্ডের ও সৃষ্টি হচ্ছে । এধরণের

একাংশ সাফল্যের প্রতি আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন যে সৌদি আরবে এবার অল হনৌফ নামের একজন মহিলা প্রতমবার যোগাভ্যাসে নেতৃত্ব দিয়েছেন ।

প্রধানমন্ত্রী শ্রী মোদী আগামী মাসে অনুষ্ঠেয় পেরিস অলিম্পিকের কথা উল্লেখ করেন ।তিনি অলিম্পিকে অংশ গ্রহণকারী ভারতীয় দলটিকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।প্রধানমন্ত্রী শ্রী মোদী ঐ পেরিস অলিম্পিকে খেলোয়াররা ভালো প্রদর্শন করবেন বলে মত প্রকাশ করেন ।শ্রী মোদী বলেন যে সমগ্র দেশ খেলোয়াররা পদক অর্জন করে ঘরে ফিরে আসবে বলে আশা করছে । তিনি জনসাধারণকে চিয়ার ফোর ভারত এ ভারতীয় দলটিকে উৎসাহ দিতে আহ্বান জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী আকাশবানীর সংস্কৃত বুলেটিন সম্প্রচারের আজ ৫০ বছর পূর্ন হোয়ার জন্য আকাশবানীর পরিবারকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।তিনি বলেন যে বিগত ৫০ বছরে এই বুলেটিন বহুসংখ্যক লোককে সংস্কৃতের সংগে সংপৃক্ত করে রেখেছে ।

---

সমগ্র দেশজুড়ে আগামীকাল থেকে তিনটি নতুন ফৌজদারী আইন বলবৎ হবে । ঔপনিবেশিক সময় থেকে চলে আসা ভারতীয় দন্ডবিধি ,ফৌজদারী বিধি ও ভারতীয় সাক্ষ্য আইনের পরিবর্তে আগামীকাল থেকে ভারতীয় ন্যায় সংহিতা ,ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম নামের নতুন তিনটি আইন বলবৎ হবে ।আসাম সরকার এই তিনটি আইন রাজ্যে সুষ্ঠুভাবে প্রবর্তনের জন্য ন্যায় বিভাগ ও আসাম পুলিশের সহযোগীতায় যাবতীয় কার্যব্যাবস্থা গ্রহণ করেছে । এছাড়া নতুন আইনগুলির সফল রূপায়নের জন্য রাজ্য সরকারের গৃহ ও রাজনৈতিক বিভাগ মূখ্য সচিবের নেতৃত্বে একটি রাজ্য পর্যায়ের কর্ণধার সমিতি গঠন করেছে । পুলিশ সঞ্চালক প্রধানকে সদস্য ,বিচার বিভাগের আইনী পরামর্শদাতাকে সদস্য সচিব এবং কারাগার মহাপরিদর্শক ,ফরেনসিক বিজ্ঞান গবেষণাগারের সঞ্চালক তথা গৌহাটী হাইকোর্টের লোক অধিবক্তাকে সদস্য হিসেবে নিয়ে গঠন করা সমিতি তিনটি আইন সম্পর্কে বেশকয়েকটি বৈঠকের আয়োজন করেছে ।সেইসঙ্গে সরকারী আইনজীবি ও পুলিশের লোকেদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ।

এদিকে আজ গৌহাটী প্রেস ক্লাবের উদ্যোগে নতুন আইনগুলি বলবৎ সম্পর্কে সংবাদ মাধ্যমের জন্য একটি কর্মশালা অনুষ্ঠিত হয় । কর্মশালায় অংশ নিয়ে আসাম পুলিশের

অপরাধ অনুসন্ধান বিভাগের অতিরিক্ত সঞ্চালক প্রধান মুন্না প্রসাদ গুপ্তা বলেন যে নতুন আইনে শাস্তি প্রদানের পরিবর্তে ন্যায় প্রদানের ব্যাবস্থা করা হয়েছে । এর দ্বারা ভুক্তভোগীরা স্বচ্ছ প্রক্রিয়ায় দ্রুত ন্যায় লাভ করবে বলে বলে তিনি উল্লেখ করেন । তিনি বলেন যে এখন যেকোন ব্যাক্তি থানায় না গিয়ে বৈদ্যুতিন মাধ্যমে এজাহার দাখিল করতে পারবে । একইভাবে এই মাধ্যমে সমন জারি করা যাবে । এছাড়া নতুন আইনে সাক্ষীদের সুরক্ষায় অধিক গুরুত্ব দেওয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

---

সরকারী চিকিৎসককে কর্তেব্যের সময়কালে ব্যাক্তিগত চিকিৎসালয়ে চিকিৎসা প্রদান না করতে রাজ্যের স্বাস্থ্য বিভাগ নির্দেশনা জারি করেছে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার নির্দেশের পর স্বাস্থ্য শিক্ষা ও গবেষণা বিভাগের আয়ুক্ত সচিব সিদ্ধার্থ সিং এসম্পর্কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের আয়ুক্ত সচিবকে একটি পত্র প্রেরণ করেছেন ।এই পত্রযোগে চিকিৎসা মহাবিদ্যালয়ের অধ্যাপক সহ সরকারী চিকিৎসককে ব্যাক্তিগত চিকিৎসা সেবায় যাতে জড়িত নাথাকেন তা নিশ্চিত করতে সব ব্যাক্তিগত খন্ড চিকিৎসালয়কে স্বাস্থ্যসেবা সঞ্চালকালয়ের মাধ্যমে নির্দেশ দিতে অনুরোধ জানানো হয়েছে ।এই নির্দেশনা যাতে সঠিকভাবে পালন করা হয় সেজন্য সময়ে সময়ে ব্যাক্তিগত খন্ড চিকিৎসালয়গুলি পরিদর্শন করতে পত্রে উল্লেখ করা হয়েছে ।উল্লেখ্য গত ২৭ শে জুন মুখ্যমন্ত্রী বরপেটার ফকুরুদ্দিন আলি আহমেদ চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল পরিদর্শন করে কর্তব্যের সময় চিকিৎসকরা যাতে কোনো ব্যাক্তিগত চিকিৎসালয়ে ব্যস্ত না থাকেন সেজন্য ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ দিয়েছিলেন ।এই নির্দেশের পর সমগ্র বিষয়টি নিয়ে স্বাস্থ্য , শিক্ষা ও গবেষণা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগকে পত্র প্রেরণ করে ।

---

চাপাতার গুণগতমান পরীক্ষা করার লক্ষে শিল্প বানিজ্য ও সরকারী প্রতিষ্ঠান বিভাগের মন্ত্রী বিমল বরা আজ তিনসুকিয়া জেলায় ভ্রাম্যমান পরীক্ষণ বাহনের উদ্বোধন করেন । বাহন উদ্বোধন করার পর তিনি জেলা প্রশাসন ও ক্ষুদ্র চা চাষিদের সংগে বৈঠকে মিলিত হন ।শীঘ্র কাচা চাপাতার গুণগত মান পরীক্ষণ সম্পর্কে রাজ্য সরকার নির্দেশনা প্রকাশ করবে বলে তিনি উল্লেখ করেন ।উল্লেখ্য

কৃষি বিভাগ সূত্রে জানানো হয়েছে যে ভ্রাম্যমান পরীক্ষণ বাহন কৃষককে বেশকিছু দিকে লাভান্বিত করবে ।

---

করিমগঞ্জ জেলার ৪১ তম প্রতিষ্ঠা দিবস আগামীকাল বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে উদযাপন করা হবে । কার্যসূচীর মধ্যে রয়েছে সকাল ৭ টায় করিমগঞ্জ শহরের জেলা তথ্য ও জনসংযোগ কার্যালয়ের স্থায়ী মাইক যোগে দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন । সকাল ৮ টায় করিমগঞ্জ পৌরসভার ব্যাবস্থাপনায় শহরের মণিষীদের মর্মর মূর্তিতে এবং ডাকবাংলো প্রাঙ্গণের শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ ,সকাল ১০ টায় জেলা স্বাস্থ্য যুগ্ম সঞ্চালকের ব্যাবস্থাপনায় রক্তদান শিবির ইত্যাদি । এছাড়া বেলা দেড়টায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে ভারতিয় ন্যায় সংহিতা আইন নিয়ে সচেতনতা । বেলা দুটোয় ওই একই স্থানে ডিস্ট্রিক্ট হাব ফর এমপাওয়ারমেন্ট অফ ওমেন মিশন শক্তির অধীনে সংকল্প কার্যসূচীর ১০০ দিবসীয় কার্যসূচী সম্পর্কে বিশেষ সচেতনতা অনুষ্ঠান । বিকেল পাঁচটায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আনুষ্ঠানিকভাবে এক দিবসীয় জেলা দিবস উদযাপনের সমাপ্তি হবে ।করিমগঞ্জের জেলা আয়ুক্ত জেলার সব বিভাগীয় প্রধানদের তাদের নিজ নিজ কার্যালয়ে এই দিবস উদযাপন করতে এবং জেলাস্তরের কার্যসূচীতে অংশগ্রহণ করার আহ্বান জানিয়েছেন ।

---

যাত্রীদের সুবিধার্থে ট্রেন চলাচলের মেয়াদ বৃদ্ধি উন্নয়নমূলক কাজের জন্য ট্রেন বাতিল ,পথ পরিবর্তন ও সময় পুনর্নির্ধারণ করা হয়েছে বলে উত্তর-পূর্ব রেলের মূখ্য জনসংযোগ আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন । সে অনুযায়ী আগামী চৌঠা জুলাই যাত্রা করা শিলচর-তিরুবনন্তপুরম সেন্ট্রাল এক্সপ্রেস , আগামীকাল যাত্রা করা গৌহাটী-এসএমভিটি ব্যাঙ্গালুরু এক্সপ্রেস এবং দোসরা জুলাই র ওয়ানা দেবার জন্য নির্ধারিত ট্রেন শিলচর-কোয়েম্বটোর এক্সপ্রেস আসানসোল-আদ্রা-মেদিনাপুর-হিজলি-ভদ্রক হয়ে পথ পরিবর্তন করে চলাচল করবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে ।

---

করিমগঞ্জের জেলা ক্রীড়া আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জেলার স্থায়ী বাসিন্দা ক্রীড়া ব্যাক্তিত্ব যারা অলিম্পিক গেমস , কমনওয়েলথ গেমস , অলিম্পিক অনুমোদিত ক্রীড়া ক্ষেত্রে বিশ্ব

চ্যাম্পিয়ন ও জাতীয় ক্রীড়ায় মেডেল বিজয়ী , তাদের এককালীন ও নিয়মিত ক্রিড়া পেনশন প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করেছেন । ক্রীড়া আধিকারীকের পক্ষ থেকে জানানো হয়েছে যে যারা ইতিমধ্যে ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ সালে ক্রীড়া পেনশনের জন্য নির্বাচিত হয়েছেন , তাদের আবেদন করতে হবে না । আগামী ১০ই জুলাই-র মধ্যে জেলা ক্রীড়া আধিকারীকের কার্য্যলয়ে দরখাস্ত জমা দিতে হবে । বিশদ বিবরন জেলা ক্রীড়া আধিকারিকের কার্য্যলয়ে পাওয়া যাবে ।